আজকের পত্রিকা

আর্কাইভ | অনুসন্ধান করুন


প্রথম পাতা

## পদত্যাগ দাবি

# জাবি উপাচার্যের বাসভবন ঘেরাও

**প্রকাশ:** ১৩ ঘণ্টা আগে | Like 0 Share 0

**জাবি প্রতিনিধি**



(https://samakal.com/revive/www/delivery/ck.php?oaparams=2__bannerid=153__zoneid=81__cb=5f4809aff6__oadest=https%3A%2F%2Fbit.ly%2F2psH0B1)




(JavaScript:void(0))

*ফাইল ছবি*

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের (জাবি) উপাচার্য অধ্যাপক ফারজানা ইসলামের বাসভবন ঘিরে রেখেছেন আন্দোলনকারী শিক্ষক-শিক্ষার্থীরা। দুর্নীতির দায় নিয়ে পদত্যাগের দাবিতে গতকাল সোমবার সন্ধ্যা ৭টা থেকে উপাচার্যের বাসভবনের সামনে সমবেত হন তারা। উপাচার্যপন্থি শিক্ষক-কর্মকর্তা-কর্মচারীরাও সেখানে অবস্থান নিয়েছেন। দু'পক্ষের মুখোমুখি অবস্থানের কারণে পুলিশ মোতায়েন করা হয়েছে।

উপাচার্যবিরোধী আন্দোলনের মুখপাত্র অধ্যাপক রায়হান রাইন বলেন, বিশ্ববিদ্যালয়ের পুরোনো রেজিস্ট্রার ভবনের সামনে থেকে গতকাল শতাধিক শিক্ষার্থীর অংশগ্রহণে একটি মিছিল করেন তারা। মিছিলটি উপাচার্যের বাসভবনের সামনে গিয়ে তা অবরোধ করে। রায়হান রাইন বলেন, দুর্নীতির দায়ে অভিযুক্ত উপাচার্যের পদত্যাগ বা তার অপসারণ না হওয়া পর্যন্ত তারা তাকে অবরুদ্ধ রাখবেন।

আন্দোলনে যোগ দেওয়া সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্টের (মার্ক্সবাদী) জাবি শাখার সভাপতি মাহাথির মুহাম্মদ বলেন, উপাচার্যকে অনেক সময় দেওয়া হয়েছে; কিন্তু তিনি কর্ণপাত করেননি। উল্টো আন্দোলন দমাতে তিনি ৪০-৫০ জনের নামে মিথ্যা মামলা দিয়েছেন। এর আগেও তিনি ৫৪ শিক্ষার্থীর নামে মামলা দিয়েছিলেন। এই মামলাবাজ উপাচার্যকে হটাতেই তারা এখানে বসতে বাধ্য হয়েছেন। ফারজানা ইসলাম যখন এখান থেকে বের হবেন, তখন আর এ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য থাকবেন না।

উপাচার্যের বাসভবনের সামনে অবস্থান করে বিভিন্ন প্রতিবাদী কবিতা আবৃত্তি ও দেশাত্মবোধক গান পরিবেশন করছেন আন্দোলনকারীরা। এদিকে আন্দোলনকারীদের ধর্মঘট-অবরোধ কর্মসূচিতে গতকালও অচল ছিল বিশ্ববিদ্যালয়। জাবিতে টানা দশম দিনের মতো প্রশাসনিক ভবন অবরোধ ও নবম দিনের মতো সর্বাত্মক ধর্মঘট কর্মসূচি পালন করা হয়। বিশ্ববিদ্যালয়ের সব ধরনের প্রশাসনিক কার্যক্রম কার্যত বন্ধ থাকলেও ধর্মঘট উপেক্ষা করে উপাচার্য সমর্থক শিক্ষকরা ক্লাস পরীক্ষা নিয়েছেন। তবে বন্ধ ছিল পরীক্ষা নিয়ন্ত্রক কার্যালয়।

এদিকে বিশ্ববিদ্যালয়ের চলমান সংকট সমাধানে গতকাল শিক্ষামন্ত্রী ডা. দীপু মনির সঙ্গে আলোচনায় বসেন আন্দোলনকারীরা। পরে সংবাদ সম্মেলনে অধ্যাপক রায়হান রাইন বলেন, তারা শিক্ষামন্ত্রীর কাছে উপাচার্যের দুর্নীতি, অনিয়ম, অযোগ্যতা, একগুঁয়েমি, অগণতান্ত্রিকভাবে বিশ্ববিদ্যালয় চালানোর বিষয় ও প্রমাণাদি তুলে ধরেছেন। শিক্ষামন্ত্রী এসব বিষয় প্রধানমন্ত্রীর কাছে উপস্থাপন করবেন বলে আশ্বস্ত করেছেন। শিক্ষামন্ত্রী আন্দোলন প্রত্যাহারের আহ্বান জানালেও আন্দোলনকারীরা বলেছেন, উপাচার্যকে অপসারণে দৃশ্যমান কোনো অগ্রগতি ছাড়া তারা এ আহ্বানে সাড়া দিতে অপারগ।

প্রতিবাদী গ্রাফিতি :জাবির দেয়ালে গ্রাফিতি এঁকে 'দুর্নীতি' ও উপাচার্যের 'স্বেচ্ছাচারিতা'র প্রতিবাদ জানিয়েছেন আন্দোলনকারীরা। গতকাল বিশ্ববিদ্যালয়ের নতুন কলা ভবনের মুরাদ চত্বরসংলগ্ন দেয়ালে এ গ্রাফিতি আঁকেন আন্দোলনকারী শিক্ষার্থীরা। আন্দোলনকারীরা বলছেন, এ গ্রাফিতিতে উপাচার্যের 'স্বৈরাচারী কর্মকাণ্ড, দুর্নীতি ও অনিয়মে'র চিত্র ফুটে উঠেছে।

(https://samakal.com/print/19116876/print) মন্তব্য করুন

(https://samakal.com/whole-country/article/1908844)

## 'ওসি একাই ৩ বার ধর্ষণ করে'

(https://samakal.com/whole-country/article/1908844)

(https://samakal.com/bangladesh/article/19021772/ওপর-সেতুমন্ত্রীর-অনেক-ক্ষোভ-প্রধানমন্ত্রী)

## আমার ওপর সেতুমন্ত্রীর অনেক ক্ষোভ: প্রধানমন্ত্রী

(https://samakal.com/bangladesh/article/19021772/ওপর-সেতুমন্ত্রীর-অনেক-ক্ষোভ-প্রধানমন্ত্রী)

(https://www.samakal.com/lifestyle/article/19031909/বাড়ে-যেসব-খাবার-খেলে)

## ডায়াবেটিস বাড়ে যেসব খাবার খেলে

(https://www.samakal.com/lifestyle/article/19031909/বাড়ে-যেসব-খাবার-খেলে)

(https://samakal.com/entertainment/article/1604205472)

## 'দাবাং ৩' নায়িকার নগ্ন ছবি ফাঁস!

(https://samakal.com/entertainment/article/1604205472)

(https://samakal.com/whole-country/article/19091424/হারানোর-আগে-রিকশাচালককে-যে-কথা-বলেছিলেন-রিফাত)

## জ্ঞান হারানোর আগে রিকশাচালককে যে কথা বলেছিলেন রিফাত

(https://samakal.com/whole-country/article/19091424/হারানোর-আগে-রিকশাচালককে-যে-কথা-বলেছিলেন-রিফাত)

(https://www.samakal.com/entertainment/article/1904347/রাত-কম্প্রোমাইজ-করতে-বলেছিলেন-প্রযোজক)

## 'এক রাত কম্প্রোমাইজ করতে বলেছিলেন প্রযোজক'

(https://www.samakal.com/entertainment/article/1904347/রাত-কম্প্রোমাইজ-করতে-বলেছিলেন-প্রযোজক)

(https://samakal.com/bangladesh/article/19012036/রায়-শুনেও-কাঠগড়ায়-নিশ্চুপ-স্নিগ্ধা)

## ফাঁসির রায় শুনেও কাঠগড়ায় নিশ্চুপ স্নিগ্ধা

(https://samakal.com/bangladesh/article/19012036/রায়-শুনেও-কাঠগড়ায়-নিশ্চুপ-স্নিগ্ধা)

(https://samakal.com/capital/article/19101012/ঠিক-ছিল-না-টানা-এক-ঘণ্টা-পিটিয়েছি)

## মাথা ঠিক ছিল না, টানা এক ঘণ্টা পিটিয়েছি

(https://samakal.com/capital/article/19101012/ঠিক-ছিল-না-টানা-এক-ঘণ্টা-পিটিয়েছি)

(https://samakal.com/entertainment/article/19091652/আর্থিক-সহায়তা-দিল-চলচ্চিত্র-শিল্পী-সমিতি)

## মৌসুমীকে আর্থিক সহায়তা দিল চলচ্চিত্র শিল্পী সমিতি

(https://samakal.com/entertainment/article/19091652/আর্থিক-সহায়তা-দিল-চলচ্চিত্র-শিল্পী-সমিতি)

(https://samakal.com/entertainment/article/1904942)

## ছেলের বিয়েতে নাচলেন নায়ক রুবেল

(https://samakal.com/entertainment/article/1904942)

(https://samakal.com/whole-country/article/1902705)

## ‘আমার ফাঁসি চাই’

(https://samakal.com/whole-country/article/1902705)

(https://www.samakal.com/international/article/19041049/তরুণীকে-অমানবিক-শাস্তি)

## প্রকাশ্যে তরুণীকে অমানবিক শাস্তি

(https://www.samakal.com/international/article/19041049/তরুণীকে-অমানবিক-শাস্তি)

(https://samakal.com/whole-country/article/19101275/সেতুতে-খুঁটির-ওপর-বসানো-যাচ্ছে-না-স্প্যান)

## পদ্মা সেতুতে খুঁটির ওপর বসানো যাচ্ছে না স্প্যান

**Samakal**

(https://samakal.com/whole-country/article/19101275/সেতুতে-খুঁটির-ওপর-বসানো-যাচ্ছে-না-স্প্যান)

(https://www.samakal.com/international/article/1903951/দুরাবস্থা-দেখে-মালিককে-টাকা-ফেরত-দিল-ডাকাত)

# অ্যাকাউন্টের দুরাবস্থা দেখে মালিককে টাকা ফেরত দিল ডাকাত!

Samakal

(https://www.samakal.com/international/article/1903951/দুরাবস্থা-দেখে-মালিককে-টাকা-ফেরত-দিল-ডাকাত)

অন্যান্য


কাঙ্ক্ষিত ফল নেই অর্থনীতিতে (https://samakal.com/todays-print-edition/tp-first-page/article/19116877/কাঙ্ক্ষিত-ফল-নেই-অর্থনীতিতে)


মন্ত্রিসভার সিদ্ধান্ত বাস্তবায়নের হার ৭৫.৭৮ শতাংশ (https://samakal.com/todays-print-edition/tp-first-page/article/19116875/মন্ত্রিসভার-সিদ্ধান্ত-বাস্তবায়নের-হার-৭৫৭৮-শতাংশ-)

অবিশ্বাস্য উপায়ে অর্থ লোপাট (https://samakal.com/todays-print-edition/tp-first-page/article/19116874/অবিশ্বাস্য-উপায়ে-অর্থ-লোপাট)


অনিয়ম কারসাজির কেন্দ্র 'খাতুনগঞ্জ' (https://samakal.com/todays-print-edition/tp-first-page/article/19116873/অনিয়ম-কারসাজির-কেন্দ্র-খাতুনগঞ্জ)


দাদা আকাশের দাদাগিরি (https://samakal.com/todays-print-edition/tp-first-page/article/19116872/দাদা-আকাশের-দাদাগিরি)

আরও (https://samakal.com/list/tp-first-page)

(https://www.facebook.com/TheDailySamakal/) (https://twitter.com/samakaltw)
(https://www.youtube.com/channel/UCvuyokFrRk7Eix03D7izTPQ)
(https://www.instagram.com/daily_samakal)

© সমকাল ২০০৫ - ২০১৯

ভারপ্রাপ্ত সম্পাদক : মুস্তাফিজ শফি। প্রকাশক : এ. কে. আজাদ

টাইমস মিডিয়া ভবন (৫ম তলা) | ৩৮৭ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮। ফোন : ৫৫০২৯৮৩২-৩৮ | বিজ্ঞাপন : +৮৮০১৯১১০৩০৫৫৭, +৮৮০১৯১৫৬০৮৮১২ (প্রিন্ট), +৮৮০১৮১৫৫৫২৯৯৭ (অনলাইন) |

ইমেইল: samakalad@gmail.com (প্রিন্ট), ad.samakalonline@outlook.com (অনলাইন)

PRIVACY POLICY (https://samakal.com/privacy) | TERMS OF USE (https://samakal.com/terms) | SAMAKAL ALL RIGHTS RESERVED